# বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

## কৃষি ভবন

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

অর্থ বিভাগ

www.badc.gov.bd

স্মারক নম্বর-১২.০৬.০০০০.২৩১.১৮.০০১.২৪-৮৫৩

তারিখ ঃ ০৩ অগ্রহায়ণ ১৪৩২ / ১৮ নভেম্বর ২০২৫

বিষয়ঃ **পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ১৫৪ প্রয়োগসংশ্লিষ্ট বিষয়সমূহ স্পষ্টীকরণ।**

সূত্র: পরিকল্পনা মন্ত্রণালয় বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ) এর স্মারক নং- ১০৯, তারিখ: ১০ নভেম্বর, ২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্র মোতাবেক পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ১৫৪ প্রয়োগসংশ্লিষ্ট বিষয়সমূহ স্পষ্টীকরণ সংক্রান্ত সংযুক্ত পত্রের মর্মার্থ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

১৮/১১/২০২৫
রুনা লায়লা
মহাব্যবস্থাপক (অর্থ) চ: দা:
বিএডিসি, ঢাকা।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। মহাব্যবস্থাপক (বীজ/সার/উদ্যান/এএসসি/পাটবীজ/ক্রয়/তদন্ত), বিএডিসি, ঢাকা (আপনার আওতাধীন দপ্তরসমূহের অবগতির জন্য অনুরোধ করা হলো)।
২। প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ/সওকা/নির্মান), বিএডিসি, ঢাকা (আপনার আওতাধীন দপ্তরসমূহের অবগতির জন্য অনুরোধ করা হলো)।
৩। হিসাব নিয়ন্ত্রক, বিএডিসি, ঢাকা (আপনার আওতাধীন দপ্তরসমূহের অবগতির জন্য অনুরোধ করা হলো)।
৪। প্রধান (পরিকল্পনা/মনিটরিং), বিএডিসি, ঢাকা।
৫। নিয়ন্ত্রক (অডিট), বিএডিসি, ঢাকা।
৬। অতিরিক্ত মহাব্যবস্থাপক (খামার/ক:গ্রো:/বীপ্রস/বীজ বিতরণ/ আলুবীজ), বিএডিসি, ঢাকা (আপনার আওতাধীন দপ্তরসমূহের অবগতির জন্য অনুরোধ করা হলো)।
৭। যুগ্মপরিচালক (সংস্থাপন/নিওক/সওব্য/সা:প:/ডাল ও তৈলবীজ/সবজি বীজ/ বিআমক)বিএডিসি, ঢাকা (আপনার আওতাধীন দপ্তরসমূহের অবগতির জন্য অনুরোধ করা হলো)।
৮। জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
৯। উপপ্রধান প্রকৌশলী (জওঅ/মিশু), বিএডিসি, ঢাকা।
১০। প্রকল্প পরিচালক, স্মলহোল্ডার এগ্রিকালচারাল কম্পিটিটিভনেস প্রজেক্ট, বিএডিসি, সেচ ভবন, ঢাকা।
১১। প্রকল্প পরিচালক, বাংলাদেশের সেচের পানি ব্যবস্থাপনা এবং ওয়েব বেইজ কৃষি তথ্য ব্যবস্থার ওপর পাইলট গবেষণা প্রকল্প, বিএডিসি, সেচ ভবন, ঢাকা।
১২। প্রকল্প পরিচালক, পানি সাশ্রয়ী সেচ প্রযুক্তি এবং পলিশেড নির্মাণের মাধ্যমে নিরাপদ সবজি, ফল ও ফুল উৎপাদন' প্রকল্প, বিএডিসি, চাঁচড়া, যশোর।
১৩। প্রকল্প পরিচালক, চট্টগ্রাম ও কক্সবাজার জেলার ভূ-উপরিস্থ পানির মাধ্যমে সেচ উন্নয়ন প্রকল্প, বিএডিসি, চট্টগ্রাম।
১৪। প্রকল্প পরিচালক, বরিশাল, ভোলা, ঝালকাঠী ও পিরোজপুর জেলা সেচ উন্নয়ন প্রকল্প, বিএডিসি, বরিশাল।
১৫। প্রকল্প পরিচালক, সিলেট বিভাগে ভূ-উপরিস্থ পানি ব্যবস্থাপনা ও ব্যবহারের মাধ্যমে কৃষি উৎপাদন বৃদ্ধি প্রকল্প, বিএডিসি, সিলেট।
১৬। প্রকল্প পরিচালক, বিএডিসি'র সার গুদামসমূহের রক্ষণাবেক্ষণ, পুনর্বাসন ও নতুন গুদাম নির্মাণের মাধ্যমে সার ব্যবস্থাপনা কার্যক্রম জোরদারকরণ প্রকল্প, বিএডিসি, ঢাকা।
১৭। প্রকল্প পরিচালক, প্রোগ্রাম অন এগ্রিকালচারাল এন্ড রুরাল ট্রান্সফরমেশন ফর নিউট্রিশন এন্টারপ্রেনরশিপ এন্ড রেসিলিয়েন্স ইন বাংলাদেশ (পার্টনার) প্রকল্প, বিএডিসি, সেচ ভবন, ঢাকা।
১৮। প্রকল্প পরিচালক, নোয়াখালী জেলার সুবর্ণচর উপজেলায় ডাল ও তৈলবীজ বর্ধন খামার আধুনিকীকরণ এবং চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে বীজ উৎপাদনও প্রক্রিয়াজাতকরণ প্রকল্প, বিএডিসি, ঢাকা।
১৯। প্রকল্প পরিচালক, তৈল জাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্প, বিএডিসি, ঢাকা।

২০। প্রকল্প পরিচালক, জীব প্রযুক্তির মাধ্যমে কৃষি বীজ উন্নয়ন ও বর্ধিতকরণ প্রকল্প, বিএডিসি, ঢাকা।

২১। প্রকল্প পরিচালক, আম ও অন্যান্য সতেজ কৃষিপণ্যের রপ্তানি বৃদ্ধিতে বাষ্পতাপ প্রয়োগ প্লান্ট স্থাপন প্রকল্প, বিএডিসি, মিরপুর, ঢাকা।

২২। প্রকল্প পরিচালক, বাংলাদেশের দক্ষিণ-পূর্বাঞ্চলে বীজ বর্ধন খামার স্থাপন প্রকল্প, বিএডিসি, ঢাকা।

২৩। প্রকল্প পরিচালক, কৃষক পর্যায়ে বিএডিসি'র বীজ সরবরাহ কার্যক্রম জোরদারকরণ প্রকল্প, বিএডিসি, ঢাকা।

২৪। প্রকল্প পরিচালক, মানসম্পন্ন বীজ আলু উৎপাদন ও সংরক্ষণ এবং কৃষক পর্যায়ে বিতরণ জোরদারকরণ প্রকল্প, বিএডিসি, ঢাকা।

২৫। প্রকল্প পরিচালক, ডাল ও তৈলবীজ উৎপাদনের মাধ্যমে টেকসই পুষ্টি নিরাপত্তা জোরদারকরণ প্রকল্প, বিএডিসি, ঢাকা।

২৬। প্রকল্প পরিচালক, বিএডিসি'র বিদ্যমান বীজ উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ ও বিতরণ ব্যবস্থাদির আধুনিকীকরণ এবং উন্নয়ন প্রকল্প, বিএডিসি, ঢাকা।

২৭। প্রকল্প পরিচালক, ধান, গম ও ভুট্টার উন্নতর বীজ উৎপাদন এবং উন্নয়ন প্রকল্প, বিএডিসি, ঢাকা।

২৮। কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, বিএডিসি, ঢাকা: **ওয়েবসাইটে প্রকাশের জন্য।**

২৯। উপপরিচালক (আইন/সমন্বয়), বিএডিসি,ঢাকা।

৩০। সহকারী প্রকৌশলী (নির্মান), বিএডিসি, ঢাকা।

৩১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।

৩২। সদস্য পরিচালক (অর্থ/ ক্ষুদ্রসেচ/ সার/ বীজ ও উদ্যান) মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

৩৩। সচিব মহোদয়ের সহকারী ব্যক্তিগত কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।

৩৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)
বিপিপিএ ভবন, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bppa.gov.bd

*'ইলেক্ট্রনিক টেন্ডার*
*ঝুট-ঝামেলা নেই আর'*

নং- ২১.০০.০০০০.৩৬৩.২৭.১১৪(৪).২৫-১০৯

তারিখ: ২৫ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
১০ নভেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

## পরিপত্র

**বিষয়: পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ১৫৪ প্রয়োগসংশ্লিষ্ট বিষয়সমূহ স্পষ্টীকরণ।**

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬-এর উদ্দেশ্যপূরণকল্পে বর্ণিত মূলনীতিসমূহের প্রতিপালন নিশ্চিতকল্পে সরকার কর্তৃক প্রণীত পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ (পিপিআর, ২০২৫) ২৮শে সেপ্টেম্বর, ২০২৫ তারিখে সরকারি গেজেটে প্রকাশিত হয়েছে এবং অবিলম্বে কার্যকর হয়েছে।

০২। পিপিআর, ২০২৫ জারি হওয়ার পর হতে উক্ত বিধিমালার বিধি ১৫৪ এর প্রয়োগের ক্ষেত্রে ক্রয়কারী, দরপত্রদাতাগণ এবং ক্রয়সংশ্লিষ্ট অপরাপর অংশীজন কর্তৃক উত্থাপিত বিভিন্নরূপ প্রশ্নের পরিপ্রেক্ষিতে বিপিপিএ কর্তৃক নিম্নরূপ স্পষ্টীকরণ করা হলো:

ক) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ জারির তারিখ (২৮শে সেপ্টেম্বর, ২০২৫) বা এর পরবর্তীকালে দরপত্র/কোটেশন বিজ্ঞপ্তি বা আগ্রহব্যক্তকরণের অনুরোধপত্র বা প্রস্তাব দাখিলের অনুরোধপত্র জারির মাধ্যমে যে সকল ক্রয় প্রক্রিয়াকরণ করা হয়েছে, সে সকল ক্রয়ের সকল ধাপের ক্ষেত্রে পিপিআর, ২০২৫ কার্যকর হবে। ২৮ সেপ্টেম্বর, ২০২৫ বা তৎপরবর্তী তারিখসমূহে পূর্বতন পিপিআর, ২০০৮-এর অধীন দরপত্র বিজ্ঞপ্তি বা আগ্রহব্যক্তকরণের অনুরোধপত্র জারির মাধ্যমে নতুন কোনো ক্রয় প্রক্রিয়াকরণ করার সুযোগ নেই।

খ) পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ জারির পূর্বদিন পর্যন্ত দরপত্র/কোটেশন বিজ্ঞপ্তি বা আবেদন বা প্রস্তাব দাখিলের অনুরোধপত্র জারির মাধ্যমে কোনো ক্রয় প্রক্রিয়াকরণ করা হয়ে থাকলে উক্ত দরপত্র, কোটেশন, আবেদন বা প্রস্তাব পিপিআর, ২০০৮-এর আলোকে মূল্যায়নের মাধ্যমে চুক্তিসম্পাদনের নোটিশ জারি করা যাবে। উক্ত সময়কালে কোনো আগ্রহব্যক্তকরণের অনুরোধপত্র জারি করা হলে তার বিপরীতে পিপিআর, ২০০৮ অনুসরণে সংক্ষিপ্ত তালিকা প্রণয়ন ও অনুমোদনপূর্বক পিপিআর, ২০২৫-এর অধীন ক্রয়ের পরবর্তী ধাপসমূহ নিষ্পত্তি করতে হবে।

গ) ২৮ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে বা তার পরবর্তীকালে যে সকল ক্রয় পিপিআর, ২০০৮ এর অধীন মূল্যায়ন প্রক্রিয়ান্তে চুক্তি পরিচালনা বা ব্যবস্থাপনা পর্যায়ে অগ্রায়িত হয়েছে বা হবে, সে সকল ক্রয়ে পিপিআর, ২০০৮ অনুযায়ী প্রণীত দরপত্র দলিল তথা চুক্তি দলিলের সাধারণ শর্তাবলি (জিসিসি) বা বিশেষ শর্তাবলি (পিসিসি)-তে বর্ণিত সুস্পষ্ট শর্তসমূহ (Express Terms) (কার্য সমাপ্তির তারিখ সম্প্রসারণ, বিলম্বজনিত জরিমানা, কার্যসম্পাদন জামানত, অনুমিত রক্ষণযোগ্য অর্থ, ভেরিয়েশনের বিভিন্ন মূল্যধাপ অনুসরণ, ইত্যাদি) যদি পিপিআর, ২০২৫-এর সাথে সাংঘর্ষিক হয় তবে চুক্তি দলিলের জিসিসি বা পিসিসি-তে বর্ণিত সুস্পষ্ট শর্তসমূহ (Express Terms) প্রযোজ্য হবে। তবে চুক্তি দলিলে সরাসরি উল্লিখিত নয় এরূপ ধর্তব্য শর্তসমূহের (Implied Terms) ক্ষেত্রে পিপিআর, ২০২৫ প্রযোজ্য হবে।

ঘ) পিপিআর, ২০০৮-এর অধীন গৃহীত কোনো ক্রয়চুক্তির ক্ষেত্রে ইতোমধ্যে পিপিআর, ২০২৫-এ বর্ণিত বিভিন্ন মূল্যসীমা বা সময়সীমা অতিক্রান্ত হয়ে থাকলে (সীমা হ্রাসের ক্ষেত্রসমূহে) তা পিপিআর, ২০০৮ অনুযায়ীই নিষ্পত্তি করতে হবে।

১০/১১/২

(এস. এম. মঈন উদ্দীন আহম্মেদ)
প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব)
বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)